৭

তারিখ 09 JUN 1997
পৃষ্ঠা ৮ কলাম ৪

দৈনিক জনকণ্ঠ

# শিক্ষা খাতে ব্যয় সর্বোচ্চ হওয়া উচিত

মোঃ মাহমুদুল হোসেন ইকবাল

১৯৯৭-৯৮ অর্থবছরের বাজেটের সর্বোচ্চ ব্যয় ধার্য করা উচিত শিক্ষা খাতে। কারণ, আমাদের দেশের দরিদ্রতার মূল কারণ হচ্ছে শিক্ষার অভাব। আর একটি সুশিক্ষিত জাতিই উপহার দিতে পারে একটি দরিদ্রমুক্ত দেশ। দ্বিতীয় সর্বোচ্চ ব্যয় ধার্য করা উচিত কৃষি খাতে। কারণ, আমাদের দেশের শতকরা ৮০ ভাগ লোক জীবিকা নির্বাহ করে কৃষি কাজের মাধ্যমে। সুতরাং দরিদ্রমুক্ত বাংলাদেশ গড়তে হলে কৃষকদের সুযোগ-সুবিধা অবশ্যই বাড়াতে হবে। এবং তৃতীয় সর্বোচ্চ ব্যয় ধরা উচিত প্রতিরক্ষা খাতে। কারণ, বাংলাদেশ প্রায় অরক্ষিত একটি দেশ। তাছাড়া, বিশ্ব প্রতিদিন এগিয়ে যাচ্ছে, শুধু আমরাই পিছিয়ে থাকব কেন? যেখানে প্রতিবেশী ভারতে বিশ্বের চতুর্থ বৃহত্তম নৌবাহিনী রয়েছে। অথচ ভারতের অর্থনৈতিক অবস্থাকে কোন মতেই আমাদের চেয়ে খুব বেশি ভাল বলা যাবে না। আমরা চতুর্থ বৃহত্তম হতে পারব না, কারণ ভারতের চেয়ে আমাদের দেশের আয়তন এবং লোকসংখ্যা অনেক কম। তবে আমাদের প্রতিরক্ষা ব্যবস্থাকে এমনভাবে সুসংগঠিত করতে হবে– যাতে কেউ অবহেলা করতে না পারে।